

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪১০.০৪.০০৭.১৬-৩৬৭

তারিখঃ ২৬-১১-২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন

বিভাগীয় মামলা নং-০৫/ ২০১৬

যেহেতু, জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া-এর উপর গত ২০১৪-২০১৫ অর্থ বছরের বাজেট বরাদ্দ হতে বগুড়া জেলাধীন ধুনট পৌরসভায় বরাদ্দকৃত ১৫.৪০০ মেঃ টন ডিজিএফ কর্মসূচীর চাল ৩০-০৬-২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে উত্তোলন করে উপকারভোগীদের মধ্যে বিতরণের নির্দেশনা ছিল; এবং

যেহেতু, তিনি যথাসময়ে খাদ্যশস্য উত্তোলনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ না করার কারণে খাদ্যশস্য উত্তোলনের সময়সীমা অতিক্রান্ত হয়ে যায়; এবং

যেহেতু, তার অদক্ষতা ও দায়িত্ব পালনে অবহেলার কারণে তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ধারা অনুযায়ী অসদাচরণের দায়ে অভিযুক্ত করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ২০-১১-২০১৬ খ্রিঃ তারিখের ৫১.০০.০০০০.৪১০.০৪.০০৭.১৬-৪৯৫ সংখ্যক স্মারক মূলে তার কেফিয়ত তলব করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন এবং গত ০৪-০৪-২০১৭ খ্রিঃ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং ন্যায় বিচারের স্বার্থে এ মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব আবদুল কাদের-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তার প্রতিবেদনে মতামত ব্যক্ত করেন যে, 'মূলতঃ ধুনট পৌরসভার মেয়র তথা পৌর কর্তৃপক্ষের গাফিলতির কারণেই বরাদ্দকৃত চাল যথাসময়ে উত্তোলন ও বিতরণ করা সম্ভব হয়নি' এবং অভিযুক্তের ব্যক্তিগত উপস্থিতিতে ২৩-১০-২০১৭ খ্রিঃ তারিখে পুনঃ শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম ভবিষ্যতে এ ধরনের ভুল-ত্রুটি করবেন না মর্মে লিখিতভাবে ১ম বারের মত ক্ষমা প্রার্থনা করায় সামগ্রিক বিবেচনায় তাকে সতর্ককরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সেহেতু, এফগে জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া-কে ভবিষ্যতের জন্য সতর্ক করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(মোঃ শাহ্ কামাল)
সচিব।

অঃপঃদ্রঃ/২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ধুনট, বগুড়া।
- ৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বগুড়া।
- ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া।
- ৮। জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ধুনট, বগুড়া।

(মোঃ নূরুল ইসলাম)
সহকারী সচিব (ত্রাণ প্রশাসন)।